গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
তাহিপুর, সুনামগঞ্জ।
www.tahirpur.sunamganj.gov.bd

**এপ্রিল/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : মো : আবুল হাসেম, উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর ও প্রশাসক, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, তাহিরপুর।
সভার তারিখ : ৩০-০৪-২০২৫ সময় : বেলা- ০২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণ পরিশিষ্ট "ক"।

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। অত:পর বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

| ক্র. নং | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | **উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ** | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান জরুরী বিভাগ বহি বিভাগ ও অন্ত বিভাগ চিকিৎসা সন্তোষজনক ভাবে পরিচালিত হচ্ছে। তাছাড়া মাঠ পর্যায়ে বিভিন্ন প্রকার কার্যক্রম চলমান রয়েছে। কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র সেবাদান সুষ্ঠুভাবে চলছে। নিয়মিত মনিটরিং করা হচ্ছে। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে উপজেলা কমিউনিটি ক্লিনিক সমূহের স্বাস্থ্য সেবার মান বৃদ্ধির জন্য নিয়মিত মনিটরিং করা। মনিটরিং করে নিয়মিত মাসিক প্রতিবেদন সংশ্লিষ্ট কার্যালয়ে প্রেরণ করার জন্যব বলা হলেও অদ্যাবধি পর্যন্ত কোন প্রকার মাসিক প্রতিবেদন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুর কর্তৃক পাওয়া যায়নি। এ বিষয়ে নিয়মিত মাসিক প্রতিবেদন দাখিল করার জন্য উপজেরা স্বাস্থ্য ও পঃপঃ কর্মকর্তা. তাহিরপুরকে অনুরোধ করা হলো।<br>০২। জনসাধারণকে সেবা দেওয়ার লক্ষ্যে দায়িত্বরত ডাক্তার ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সরকারী রিধি অনুয়ায়ী উপস্থিতি নিশ্চিত করনসহ সংশ্লিষ্ট কার্যক্রম পরিচালনা করার জন্য এবং চিকিৎসা সেবা প্রদানে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের সুরক্ষার বিষয়ে যত্নবান থাকার জন্য উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার, তাহিরপুরকে অনুরোধ করা হয় | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার,তাহিরপুর। |
| ০২ | **কৃষি বিভাগ** | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর সভাকে জানান ২০২৪-২০২৫ অর্থবছরের হাওর ও নন হাওর মিলে মোট ১৭৫০৯ হেক্টর আবাদ হয়েছে। ৩০.-০৪-২০২৫ তারিখ পর্যন্ত মোট সর্বমোট ১১৩৯২ হেক্টর কর্তন হয়েছে। আবহাওয়া অনুকূলে থাকায় বাকী ধান যথাযথ সময়ে কর্তন করা হবে বলে আশা করা যায়। হাওরে মোট ৬৯ টি কম্বাইন হারভেস্টার প্রতিনিয়ত ধান কর্তন করে যাচ্ছে। এবং তাদেরকে নিয়মিত মনিটরিং করা হচ্ছে বলে উপজেলা কৃষি কর্মকর্তা তাহিরপুর সভায় অবহিত করেন। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ফসল কর্তনের পূর্ব মূহুত পর্যন্ত মাঠ পর্যায়ে পরিদর্শন অব্যাহত রাখা এবং কৃষকগণকে ফসল উৎপাদনের ক্ষেত্রে সার্বিক বিষয়ে সুপরামর্শ ও সহযোগিতা করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ০৩ | **প্রাণি সম্পদ বিভাগ** | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা,তাহিরপুর সভায় জানান মাঠ পর্যায়ে ভ্যাকসিন কার্যক্রম চলমান রয়েছে। কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত জাতের গরুর জাত উন্নয়নের কাজ চলমান রয়েছে। আসন্ন পবিত্র ঈদ-উল আযহা ২০২৫ উপলক্ষে গবাদি পশু হৃদপুষ্ট করনের ক্ষেত্রে স্টেয়েজ ও অন্যান্য ক্ষতিক্ষর মোটাজাত করনের ঔষধ ব্যবহৃত যাতে না করা হয়। সে জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। খামারিরা যাতে ন্যায্য মূল্য পান সে ক্ষেত্রে সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা,তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রাণি[illegible] কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৪ | **মৎস্য বিভাগ** | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে বিগত সভার ন্যায় এ মাসেও তিনি সভায় অনুপস্থিতি রয়েছেন। উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ০৫ | **প্রাথমিক শিক্ষা বিভাগ** | উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্র সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা শিক্ষা অফিসার, তাহিরপুরকে দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। তাছাড়া ১৩৪ টি প্রাথমিক বিদ্যালয়ের স্লিপের কাজ নিয়মিত মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা (ভারপ্রাপ্ত) তাহিরপুরকে অনুরোধ করা হয়। শিক্ষার মান উন্নয়নের জন্য নিয়মিত বিদ্যালয় পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন সংশ্লিষ্ট দপ্তরে প্রেরণ করার জন্য উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৬ | **প্রকৌশলী বিভাগ** | উপজেলা প্রকৌশলী এলজিইডি, তাহিরপুর সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ ছাড়া তিনি আরও জানান ২০২৪-২০২৫ অর্থবছরে বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও উন্নয়ন তহবিলের সংশ্লিষ্ট প্রকল্পের কাজ চলমান রয়েছে। উপেজলা নির্বাহী অফিসার, তাহিরপুর জানান সংশ্লিষ্ট প্রকল্পের কাজ নিয়মিত তদারকি এবং নির্ধরীত সময়ের মধ্যে সমাপ্ত করার জন্য উপজেলা প্রকৌশলী<br>তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ২০২৪-২০২৫ অর্থবছরের সংশ্লিষ্ট কার্যক্রম যথাসময়ে বাস্তবায়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী,তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ০৭ | **পরিবার পরিকল্পনা বিভাগ** | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরের সভায় জানান বালিজুরী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, শ্রীপুর উত্তর স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্রে ২৪/৭ দিন নিয়মিত ডেলিভারী হয়েছে। প্রতি মাসে গড়ে ৩০/৪০ টি ডেলিভারী সুষ্ঠভাবে সম্পন্ন হয়েছে। প্রতিটি কেন্দ্রেই বিশুদ্ধ সুপেয় পানির সংকট তাই জন্বার্থে গভির নলকূপ স্থাপনের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, মহোদয়কে তাহিরপুরকে অনুরোধ করেন। | বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে পালন করার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা,তাহিরপুরের দৃষ্টি আকর্ষণ করা হয়।<br>০২। উপজেলা ইউনিয়ন স্বাস্থ্য কল্যাণ ক্লিনিক নিয়মিত পরিদর্শন করে পরিদর্শন প্রতিবেদন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল করার জন্য পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার, পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর। |



CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ০৮ | সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, তাহিরপুর অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে সভায় অবহিত করার জন্য উপজেলা সমাজেসেবা কর্মকর্তা, তাহিরপুরকে দৃষ্টি করা হয়। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা তাহিরপুর। |
| ০৯ | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদরে পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তকি কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তাহিরপুর, |
| ১০ | সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরের সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এ উপজেলায় ১২৬ টি প্রাথমিক সমবায় সমিতি ও ০৩ টি কেন্দ্রীয় সমবায় সমিতি বরাদ্দ প্রদান করা হয়েছিল। সমবায় আইন ও বিধিমালার আলোকে মার্চ/২০২৫ খ্রি. সালের মধ্যে বরাদ্দকৃত কেন্দ্রীয় ও প্রাথমিক সমবায় সমিতি শতভাগ অডিট সম্পাদন করা হয়েছে। সমবায় অধিদপ্তরের নির্দেশের আলোকে তাহিরপুর সমবায় বিভাগের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে সয়শ্লিষ্ট কার্যক্রম বিবি মোতাবেক পরিচালনা করার জন্য উপজেলা সমবায় কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা,তাহিরপুর, সুনামগঞ্জ। |
| ১১ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে দউপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপরের দৃষ্টি আকর্ষণ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর। |
| ১২ | জনস্বাস্থ্য বিভাগ | জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী,তাহিরপুর, সভায় জানান দাপ্তরিক কার্যক্রম সষ্ঠুভাবে চলছে। বন্যা প্রকল্প হতে বরাদ্দকৃত টিউবওয়েলের কাজ চলমান আছে। পিডিপি-৪ এর প্রাইমারী স্কুলের ওয়াশব্লকের কাজ চলমান রয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সংশ্লিষ্ট কার্যক্রম যথাযথভাবে সম্পাদন করার জন্য জনস্বাস্থ্য উপ-সহকারী প্রকৌশলী, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য, তাহিরপুর। |
| ১৩ | প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তাহিরপুর সভায় জানান ১ম ও ২য় পর্যায়ের টিআর, কাবিখা/কাবিটা এর কাজ মাঠ পর্যায়ে চলমান রয়েছে। ৩য় পর্যায়ের টিআর কাবিখা/কাবিটা বরাদ্দ পাওয়া গেছে। বরাদ্দের আলোকে বিভাজন অনুযায়ী ইউনিয়ন হতে তালিকা পাওয়া গেছে। প্রকল্পগুলো অনুমোদনের জন্য জেলায় প্রেরণ করা হয়েছে।সেতু/কালভার্টসহ অন্যান্য এইচবিবি রাস্তাসহ প্রকল্পের কাজ চলমান রয়েছে। তাছাড়া অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | বিস্তারিত আলোচনান্তে ২০২৪-২০২৫ অর্থ বছরের টি আর কাবিখা /কাবিটা অন্যান্য প্রকল্পের সংশ্লিষ্ট কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ |
| ১৪ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিসদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তিরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, তাহিরপুর, |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৫ | **মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তিরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাহিরপুর। |
| ১৬ | **আনসার ভিডিপি বিভাগ** | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান একটি প্রশিক্ষণ কোর্সে মোট ০৮ জনকে জেলা আনসার ভিডিপি কার্যালয়ে প্রেরণ করা হয়েছে। ৯৮০ জন আনসার সদস্য/সদস্যাদেরকে আনসার ভিডিপি উন্নয়ন ব্যাংক থেকে প্রকৃত শোধের লভ্যাংশ প্রদানের জন্য নথিপত্র যাচাই-বাছাই কার্যক্রম চলমান রয়েছে। পবিত্র ঈদ-উল ফিতর উপলক্ষে কর্তৃপক্ষের অনুমতি ছাড়া কর্মস্থল ত্যাগ করার কারণে ০৩টি আনসার ক্যাম্পের মোট ০৮ জনকে সাময়িভাবে প্রত্যাহার করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সময় সময় বিভিন্ন টাংগুয়ার হাওরে অভিযান পরিচালনা করা অব্যাহত রাখা এবং অন্যান কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৭ | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক | ব্যবস্থাপক পল্লী সঞ্চয় ব্যাংক অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে বিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে তাহার দাপ্তিরিক কার্যক্রম সম্পর্কে অবহিত করার করার জন্য ব্যবস্থাপক উপজেলা পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, তাহিরপুর |
| ১৮ | বিট কর্মকর্তা | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর সভায় অনুপস্থিতি থাকায় তাহার দাপ্তরিক কার্যক্রম সম্পর্কে কিছু জানা যায়নি। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের পরবর্তী মাসিক সভায় উপস্থিত থেকে দাপ্তরিক সম্পর্কে অবহিত করার জন্য বিট কর্মকর্তা, তাহিরপুরকে অনুরোধ করা হয়। | উপজেলা বন বিট কর্মকর্তা, তাহিরপুর। |
| ১৯ | **বিবিধ** ; | উপজেলা প্রকৌশলী তাহিরপুরের পক্ষে প্রতিনিধি সভায় জানান স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ Local government Initiative on Climate change ( LoGIC) কর্তৃক স্মারক নং স্থাসবি/লজিক/জিওবি/পিবিসিআরজি-২/২০২৪/৩৪০, তারিখ: ২৪-০৪-২০২৫ মূলে ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ লজিক প্রকল্প পিবিসিআরজি জগদিশপুর হাটি সুরক্ষা গাইড ওয়াল,শ্রীপুর দক্ষিণ বরাদ্দ ছিল ১৬,৪১,৩৭৪/- পরবর্তী উপজেলা পরিষদের মূল্যায়নের ভিত্তিতে ১,৭৯,৫৮৮/- বৃদ্ধি করা হয়। তাই সর্বমোট ১৮,২০,৯৬২/-টাকা সদয় অনুমোদনের জন্য প্রস্তাব করা হয়। | বিস্তারিত আলোচানান্তে ২০২৪-২০২৫ অর্থবছরে উপজেলা পরিষদ লজিক প্রকল্প পিবিসিআরজি জগদিশপুর হাটি সুরক্ষা গাইড ওয়াল,শ্রীপুর দক্ষিণ বরাদ্দ ছিল ১৬,৪১,৩৭৪/- পরবর্তী উপজেলা পরিষদের মূল্যায়নের ভিত্তিতে ১,৭৯,৫৮৮/- বৃদ্ধি করা হয়। তাই সর্বমোট ১৮,২০,৯৬২/-টাকা সদয় অনুমোদনের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত করা হয়। | উপজেলা প্রকৌশলী, তাহিরপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | তাহিরপুর উপজেলা পরিষদের জীপ গাড়ির গ্যারেজ মেরামত ও সংস্কার | সভায় আলোচনা করা হয় তাহিরপুর উপজেলা উপরিষদ পাজারো জীপ গাড়ির গ্যারেজটি জরুরী ভিত্তিতে সংস্কার ও মেরামত করা প্রয়োজন। এবিষয়ে সভায় আলোচনা করা হয়। | বিস্তারিক আলোচনান্তে জরুরী ভিত্তিতে তাহিরপুর উপজেলা পরিষদের পাজারো জীপ গাড়ির গ্যারেজটি উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অর্থায়নে সংস্কার ও মেরামত করার জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর। |

বিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/০৫/২০২৫

মোঃ আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
তাহিরপুর, সুনামগঞ্জ।

স্মারকনং- ৪৬.৪৬.৯০৯২.০০০.০৪.০২৬.২৪-৩৭(৫০)

তারিখঃ ০৮ মে ২০২৫

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে-(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

০১। সচিব স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট।
০৩। পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, সিলেট।
০৪। জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
০৫। উপ-পরিচালক,স্থানীয় সরকার, সুনামগঞ্জ।
০৬। উপজেলা...............................................কমর্কর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৭। চেয়ারম্যান, ...........................................(সকল) ইউনিয়ন পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
০৮। অফিস নথি/ মাস্টার ফাইল।

০৮/০৫/২৫

মো ঃ আবুল হাসেম
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ
তাহিরপুর, সুনামগঞ্জ।

E-mail: unotahirpur@gmail.com

CamScanner

সভাপতি: জনাব মোঃ আবুল [illegible] চেয়ারম্যান
উপজেলা পরিষদ, তাহিরপুর
সভার তারিখ: ৩০/৪/২৪ সময়: ১২.০০ ঘ. স্থান: [illegible] হলরুম



| ক্র. নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | জনাব মোঃ আবুল [illegible] | উপজেলা নির্বাহী অফিসার | |
| ০২ | জনাব আলী [illegible] | চেয়ারম্যান [illegible] ইউ/পি | [signature] |
| ০৩ | জনাব আলী আহমদ মুরাদ | চেয়ারম্যান [illegible] ইউ/পি | |
| ০৪ | ডা: বিশ্বনাথ পাল RMO, UHC, Tahirpur | R.MO. UHC, Tahirpur. | [signature] |
| ০৫ | মো. হাবিব [illegible] | উপজেলা প্রাণিসম্পদ অফিসার | [signature] |
| ০৬ | সুরজিত [illegible] | কৃষি সম্প্রসারণ অফিসার | সুরজিত |
| ০৭ | মোহাম্মদ সাইফুল ইসলাম | [illegible] | [signature] |
| ০৮ | [illegible] | [illegible] | [signature] |
| ০৯ | সোহাইল আহমদ [illegible] | [illegible] | [signature] |
| | | | |

| | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১০ | মোঃ মুসলেমিন হোসাইন | উপজেলা স্যানিটেশন [illegible] | [signature] |
| ১১ | মোঃ নুরুল হক | OCLSD Tahirpur | [signature] |
| ১২. | জিতেন্দ্র সূত্রধর | সহকারী পরিদর্শক উপজেলা সমবায় অফিস তাহিরপুর, সুনামগঞ্জ | [signature] |
| ১৩. | মোঃ আল মুমিন খান | উপজেলা পরিঃ পরিকল্পনা কর্মকর্তা তাহিরপুর | [signature] |
| ১৪. | মোঃ হাবিবুল [illegible] | উপজেলা সমন্বয়ক ও [illegible] প্রতিনিধি | [signature] |
| ১৫ | [illegible] | চেয়ারম্যান তাহিরপুর সদর | [signature] |
| ১৬ | মোহাম্মদ মুজিবুল ইসলাম | UPIO, তাহিরপুর | [signature] |
| | | | |
| | | | |